# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলা প্রথম পত্র (সৃজনশীল)

বিষয় কোড: | ১ | ০ | ১ |

সময় — ২ ঘন্টা ১০ মিনিট পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উল্লেখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। প্রতিটি অংশ থেকে কমপক্ষে ১টি করে মোট ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ — গদ্য

**১.** ▶ বড়লোক বাবার শিক্ষিত ছেলে এমদাদ। একদিন রাস্তায় এক ভিক্ষুক তার কাছে অনেক মিনতি করে সাহায্য চাইলে সে তাকে ধাক্কা দিয়ে ফেলে দেয়। এতে ভিক্ষুক পড়ে গিয়ে আহত হয় এবং অসহায়ভাবে তার দিকে তাকিয়ে থাকে। কিন্তু এমদাদ শিক্ষিত সমাজের মানুষ হয়েও কোনো রকম সহানুভূতি দেখালো না। বিষয়টি নিকটে দাঁড়িয়ে দেখছিলেন তার বন্ধু সাদিক। দেখে তার খুব খারাপ লাগল। মনে মনে ভাবলেন, শিক্ষিত হলেও এমদাদের মধ্যে মনুষ্যত্ববোধ নেই। সে শিক্ষিত হলেও প্রকৃত শিক্ষিত নয়। শিক্ষার আসল কাজ জ্ঞান পরিবেশন নয়, মূল্যবোধ সৃষ্টি।

ক. 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধটি কে লিখেছেন? ১

খ. মূল্যবোধ বা মনুষ্যত্ববোধ বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকের এমদাদের আচরণে কী প্রকাশ পায়? কেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. এমদাদের আচরণ পরিশোধনের উপায় কী? উদ্দীপক ও 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আলোকে বিচার কর। ৪

**২.** ▶ নলিনী বাবু পেশায় একজন ব্যবসায়ী। তার চারটি মেয়ে। চার মেয়েরই বিয়ে হয়েছে। বিয়েতে প্রচুর টাকা-পয়সাও খরচ হয়। মেয়েদের বিয়ের কারণে বেশির ভাগ জমি তিনি বিক্রি করেছেন। এমনকি বিয়ের পরও মেয়ের শ্বশুর বাড়ির নিত্যনতুন চাহিদা মেটাতে এক সময়ের অবস্থাসম্পন্ন মানুষ নলিনী বাবু এখন ধার-দেনায় নিমজ্জিত। এতেও তার কোনো দুঃখ নেই। তিনি এই ভেবে সুখী যে, তার মেয়েগুলো অন্তত সুখে আছে। নলিনী বাবু সত্যিই একজন স্নেহময়ী পিতা!

ক. রামসুন্দরের কয় পুত্র ছিল? ১

খ. নিরূপমার বিয়ের দিন অন্তঃপুরে কান্না পড়ে গেল কেন? ২

গ. উদ্দীপকের সাথে 'দেনাপাওনা' গল্পের সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপক এবং 'দেনাপাওনা' গল্পের মূল সুর একই স্রোতোধারায় উৎসারিত- মন্তব্যটির সত্যাসত্য নিরূপণ কর। ৪

**৩.** ▶ জাকিয়া এবার দশম শ্রেণিতে পড়ে। সামনের বছর এসএসসি দেবে। বাবা একজন ভালো শিক্ষকের তত্ত্বাবধানে তার লেখাপড়ার দায়িত্ব দিলেন। তার মতে ঐ শিক্ষকই তাকে প্রয়োজনীয় জ্ঞানদান করবেন। অন্যদিকে একই শ্রেণির

Teachingbd.com

নাদিয়ার বাবা মনে করেন বিদ্যা অর্জনের ক্ষেত্রে শিক্ষক শুধু সহায়ক মাত্র; বিদ্যা শিক্ষার্থীকে নিজেকে অর্জন করতে হয়। কারণ, পরীক্ষায় পাস করা আর সুশিক্ষিত হওয়া এক নয়।

ক. দেহের মৃত্যুর রেজিস্টারি রাখা হয়, কার হয় না? ১

খ. 'অন্তর্নিহিত শক্তি' বলতে কী বুঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকে কার দৃষ্টিভঙ্গি 'বইপড়া' প্রবন্ধের লেখকের সঙ্গে সঙ্গতিপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. নাদিয়ার বাবার মানসিকতাই 'বইপড়া' প্রবন্ধের মূল সুর। যুক্তি দিয়ে বিচার কর। ৪

## খ অংশ — পদ্য

৪.▶ রংপুর জেলার বিনোদপুর গ্রামে ড. নজরুল ইসলামের বাড়ি। শৈশবে তিনি এখানেই বড় হয়েছেন। উচ্চ শিক্ষায় শিক্ষিত হয়ে প্রবাস জীবন-যাপন করলেও এখানকার আলো, বাতাস, মাটির সাথে তিনি একান্ত হয়ে আছেন। দূর প্রবাসে লন্ডনে বসবাস করা অবস্থায় তার মনে পড়ে স্মৃতিবিজড়িত গ্রামের কথা; গ্রামের মানুষদের কথা। কারণ প্রবাসে জীবন কৃত্রিমতায় ভরপুর। কেউ কারও খোঁজ নেয় না। সবাই ব্যস্ত। তাই দূরে বসেও এ গ্রামের আলো, বাতাস, মাটি তার শরীরকে স্পর্শ করে; মুহূর্তের জন্য সুখ এনে দেয়। স্মৃতিবিজড়িত এ গ্রাম তাকে বারবার কাছে টানে।

ক. ভাবের পরিণতি সনেটের কোন স্তবকে থাকে? ১

খ. 'দুগ্ধ-স্রোতোরূপী তুমি জন্মভূমি-স্তনে'— কথাটি কেন বলা হয়েছে? ২

গ. উদ্দীপকে 'কপোতাক্ষ নদ' কবিতার কোন দিকটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. নজরুল সাহেব একজন প্রকৃত দেশপ্রেমিক- উদ্দীপক এবং 'কপোতাক্ষ নদ' কবিতার আলোকে মূল্যায়ন কর। ৪

৫.▶ সাজেদুল হঠাৎ অসুস্থ হলে মা সাফিয়া চিন্তিত হয়ে পড়েন। কারণ একমাত্র ছেলেকে নিয়েই তার সংসার। বাড়ি বাড়ি কাজ করে যা পান তা দিয়ে তাদের মা-ছেলের কোনো রকমে চলে যায়। তাই ছেলে অসুস্থ হলে ভীষণ বিপদে পড়েন। টাকার অভাবে চিকিৎসা করতে না পারায় সাজেদুলের শারীরিক অবস্থার আরও অবনতি ঘটে। অবশেষে মা আল্লাহর কাছে মানত করেন যে, সাজেদুল এ যাত্রায় ভালো হয়ে গেলে তিনি নফল রোজা রাখবেন?

http://teachingbd.com

ক. কার সাথে যুদ্ধ করে মাটির প্রদীপের তেল ফুরিয়ে আসে? ১
খ. আজও রোগে তার পথ্য জোটেনি'— কেন জোটেনি? ২
গ. উদ্দীপকের 'পল্লিজননী' কবিতার কোন বিষয়টি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'পল্লিজননী' কবিতার মা পল্লির মমতাময়ী মায়ের চিরায়ত রূপ- উদ্দীপক ও কবিতার আলোকে উক্তিটির যথার্থতা বিচার কর। ৪

**৬.** ▶ যখন পড়বে না মোর পায়ের চিহ্ন এই বাটে,
বাইব না মোর খেয়া তরী এই ঘাটে
চুকিয়ে দেব বেচা কেনা, মিটিয়ে দেব লেনা-দেনা
বন্ধ হবে আনাগোনা এই ঘাটে;
তখন আমায় নাইবা মনে রাখলে।

ক. জীবনানন্দ দাশ কী হিসেবে পরিচিত? ১
খ. 'পৃথিবীর এইসব গল্প বেঁচে রইবে চিরকাল' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের প্রথম দুই চরণ 'সেইদিন এই মাঠ' কবিতার কোন ভাবটি ধারণ করে?— ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক ও 'সেইদিন এই মাঠ' কবিতায় কবি শরীরী মধ্য দিয়ে বিষয়টি উপস্থাপন করেছেন তা বিশ্লেষণ কর। ৪

## গ অংশ — সহপাঠ

**৭.** ▶ মা-বাবা হারানো মেয়ে আরজিনা চাচার সংসারে বেড়ে ওঠে। বয়স কম হলেও সে ছিল বুদ্ধিমতী। চাচা দরিদ্র কৃষক। যৌতুকের টাকার অভাবে চাচা একজন বয়স্ক মানুষের সঙ্গে বিয়ে ঠিক করাতে সে তা মেনে না নিয়ে হঠাৎ একদিন বাড়ি থেকে বেরিয়ে পড়ে। এতে চাচা ক্ষুব্ধ হয়ে জোর করে তাকে বিয়ে দিতে চায়। তখন চাচাতো ভাই রতন এর প্রতিবাদ করে এ বিয়ে ঠেকায়। অবশেষে সে নিজেই বিনা যৌতুকে তাকে বিয়ে করার সিদ্ধান্ত নেয়।

ক. 'বহিপীর' নাটক প্রথম কত সালে প্রকাশিত হয়? ১
খ. জমিদার হাতেম আলীর মনে শান্তি নেই কেন? ২
গ. উদ্দীপকের আরজিনার সঙ্গে 'বহিপীর' নাটকের কোন চরিত্রের তুলনা করা চলে? ব্যাখ্যা কর। ৩

http://teachingbd.com

ঘ. প্রতিবাদের প্রতীক চরিত্র হিসেবে উদ্দীপকের রতন ও 'বহিপীর' নাটকের হাশেম আলি অভিন্ন-উক্তিটি মূল্যায়ন কর। ৪

**৮.▶** মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানি সেনারা বাড়ি থেকে ধরে নিয়ে গিয়ে রউফকে মেরে ফেলে। তখন ও কুড়ি বছরের। এই দুঃসহ স্মৃতি কিছুতেই ভুলতে পারে না ওর বাবা। ওর অপরাধ মুক্তিযোদ্ধাদের সাহায্য করা। সমবয়সী বন্ধু দুলালকে কাছে পেলেই তিনি আবেগায়িত হয়ে যান। ভাবেন, রউফ বেঁচে থাকলে আজ দুলালের মতো যুদ্ধে যেত। দুলালের মনোযোগ যুদ্ধে। বয়স কম হলেও সে দেশের হয়ে লড়তে চায়। চিরদিনের জন্য উৎখাত করতে চায় শত্রুদের। একদিন সে সফলও হয়।

ক. শান্তি কমিটির চেয়ারম্যান কে? ১

খ. আধপোড়া বাজারটার দিকে তাকিয়ে ওর চোখ লাল হতে থাকে— কেন? ২

গ. উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে বিশেষ দিকের ইঙ্গিত করে, তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে দুলালের মনোভাবই যেন 'কাকতাড়ুয়া' উপন্যাসের মূলবক্তব্য। বিশ্লেষণ কর। ৪

**৯.▶** কোরবান আলীর নাম শুনলে গাঁয়ের সকলেই ভয় পায়। ইদানীং তার শিষ্য হিসেবে কাজ করছে সাজু। গাঁয়ের মোড়ল কোরবান আলীর প্রভাবে সাজু সরল মানুষদের হালের গরু, হাঁস-মুরগি ধরে নিয়ে আসে। কেউ প্রতিবাদ করলে তাকে গ্রামছাড়া করে। বিচার-সালিশগুলো তার ইঙ্গিতেই হয়। ফলে সাধারণ মানুষ ন্যায়বিচার থেকে বঞ্চিত হচ্ছে। কেউ না মানলেও সে যেন গাঁয়ের মোড়ল।

ক. বুধার কয় ভাই-বোন? ১

খ. যে মানুষের দৃষ্টিতে ভাষা নেই, বুধার মতে সে মানুষ কেন মানুষ নয়? ২

গ. উদ্দীপকের কোরবান আলীর সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের আহাদ মুন্সির চরিত্রের সাদৃশ্যের দিকটি তুলে ধর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত দিকটিই 'কাকতাড়ুয়া' উপন্যাসের একমাত্র দিক নয়- আলোচনা করে বুঝিয়ে দাও। ৪

Teachingbd.com

# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বাংলা **প্রথম** পত্র: নৈর্ব্যক্তিক অভীক্ষা বিষয় কোড: ১ ০ ১

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. বাংলা গদ্যের প্রস্তুতি পর্বের শিল্পী কে?**
ক রাজা রামমোহন রায়
খ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
গ রমেশচন্দ্র দত্ত
ঘ প্যারিচাঁদ মিত্র

**২. পালামৌ অঞ্চলে বেশি দেখা যায় কাদের?**
ক কিশোর খ কিশোরী
গ যুবক ঘ যুবতী

**৩. 'কেষ্ট' ও 'রঙিন' শব্দগুলোকে বিকলাঙ্গ বলার কারণ কী?**
ক এগুলো সংস্কৃত শব্দ
খ এগুলো উৎস অজ্ঞাত বলে
গ এগুলো প্রাকৃতের অবিকশিত রূপ
ঘ এগুলো তদ্ভব বলে

**উদ্দীপকটি পড়ে নিচের ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও ;**

ফেলু মিয়া তার একমাত্র ছেলের বিয়ে দেয়ার চিন্তা করার সাথে সাথে চারদিক থেকে অনেক প্রস্তাব আসতে শুরু করল। গ্রামের মানুষ ধরল ধুমধামের সাথে বিয়ের উৎসব পালনের জন্য। এতে তাকে চড়া সুদে ধার করতে হলো মোটা অঙ্কের টাকা। এক সময় সবকিছু হারিয়ে সে নিঃস্ব হয়ে যায়।

**৪. উদ্দীপকের ফেলু মিয়ার সাথে 'দেনাপাওনা' গল্পের সাদৃশ্যপূর্ণ দিক হলো—**
i. অদূরদর্শী পরিকল্পনা
ii. ঋণগ্রস্ত অবস্থা
iii. সন্তানবাৎসল্য
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৫. রামসুন্দর কোনদিক দিয়ে ফেলু মিয়া থেকে স্বতন্ত্র?**
ক ভূসম্পত্তি খ আধিপত্য
গ লোভ ঘ আপ্যায়ন

**৬. পৃথিবীতে শিল্পবিপ্লব হয়েছিল কত বছর আগে?**
ক দুইশ খ আড়াইশ
গ তিনশ ঘ সাড়ে তিনশ

**৭. স্বশিক্ষিত লোকমাত্রই কেমন?**
ক বিদ্বান খ সাহসী
গ সুশিক্ষিত ঘ স্বাবলম্বী

**৮. বনফুল কী উপাধি লাভ করেন?**
ক নাইট খ পদ্মভূষণ
গ লিটলমাস্টার ঘ ভারতগর্ব

**৯. কোন নদীর তীরে শ্মশান ঘাট অবস্থিত?**
ক শঙ্খ খ গরুড়
গ গড়াই ঘ গৌরী

**১০. মানুষের অন্ন-বস্ত্রের সমস্যা সমাধানের চেষ্টা করতে হবে কোন দিক লক্ষ রেখে?**
ক অর্থনৈতিক মুক্তির খ আত্মিক মুক্তির
গ চিন্তার স্বাধীনতা ঘ বুদ্ধির স্বাধীনতা

**১১. লেখিকা 'পাস বিক্রয়' বলতে বুঝিয়েছেন—**
ক শিক্ষাকে খ ব্যক্তিকে
গ ব্যক্তিত্বকে ঘ মূল্যবোধকে

**১২. চড় খাওয়ার বিষয়টি দিদি কেন গোপন রেখেছিলেন?**
ক লজ্জা পেয়ে
খ আত্মসম্মানের জন্য
গ বিপদের আশঙ্কায়
ঘ চাকরি যাওয়ার ভয়ে

**১৩. মুক্তিযুদ্ধের সময় মে মাসের কোন তারিখে মাধ্যমিক স্কুল খোলার কথা বলা হয়েছিল?**
ক আট খ নয়
গ দশ ঘ এগারো

**১৪. 'অভাগীর স্বর্গ' গল্পটির উৎস কোনটি?**
ক শরৎ রচনাবলি খ শরৎ ছোটগল্পসমগ্র
গ শরৎ জীবনী ঘ শরৎ সাহিত্যসমগ্র

**১৫. নববর্ষ উদ্‌যাপনের মাধ্যমে কী প্রকাশ পেয়েছে?**
ক উগ্র জাতীয়তাবাদ খ জাতীয় উৎসব
গ বহুমুখী ভাবনা ঘ সাংস্কৃতিক ভিন্নতা

**১৬. মাইকেল মধুসূদন দত্তের অমরকীর্তি কোনটি?**
ক চতুর্দশপদী কবিতাবলি
খ অমিত্রাক্ষর ছন্দ
গ একেই কি বলে সভ্যতা
ঘ মেঘনাদবধ কাব্য

**১৭. 'গণসূর্যের মঞ্চ' বলতে কী বোঝানো হয়েছে?**
ক আলোচিত মঞ্চ খ উদ্দীপ্ত মঞ্চ
গ সূর্যের মতো মঞ্চ ঘ বিপ্লবী মঞ্চ

**উদ্দীপকটি পড়ে নিচের ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও ;**

শেফালীর স্বামী চাকরির সুবাদে প্রবাসজীবন যাপন করছেন। দীর্ঘ সময় ধরে স্বামীর খোঁজ-খবর নেই, তাঁর সঙ্গে যারা বিদেশে থাকেন তারা মাঝে মাঝে আসেন—যান। কেবল তার স্বামীই যেন সবার থেকে আলাদা। শেফালী স্বামীর জন্য দিনের পর দিন অপেক্ষার প্রহর গোণে।

**১৮. উদ্দীপকের বক্তব্যে 'অন্ধবধূ' কবিতার বধূর কোন দিকটি ফুটে উঠেছে?**
i. বিরহ কাতরতা
ii. ব্যাকুলতা
iii. অভিমান
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

teachingbd.com

১৯. শেফালীর স্বামীর সাথে 'অন্ধবধূ' কবিতার যে চিত্রের পরিচয় পাওয়া যায়—
ⓚ ঠাকুর ঝি ⓚ অন্ধবধূ
ⓖ ঠাকুর ঝি'র ভাই ⓖ পাড়ার মানুষ

২০. চিরোল পাতায় কী দেখা যায়?
ⓚ ফড়িং ⓚ কুয়াশা
ⓖ টলমল শিশির ⓖ কৃষকের স্বপ্ন

২১. শহরের বুকে জলপাই রঙের ট্যাঙ্ক কীসের প্রতীক?
ⓚ বীরত্বের ⓚ শৌর্যের
ⓖ বাহাদুরির ⓖ দানবের

২২. সত্যেন্দ্রনাথকে ছন্দের যাদুকর বলা হয় কেন?
ⓚ ছন্দ প্রবর্তনের জন্য
ⓚ ছন্দ নির্মাণের জন্য
ⓖ ছন্দ ব্যবহারের জন্য
ⓖ ছন্দ সৃষ্টির জন্য

২৩. 'অন্ধবধূ' কবিতায় কোন পাখির চেঁচিয়ে সারা হওয়ার কথা বলা হয়েছে?
ⓚ কাক ⓚ চোখ গেল
ⓖ কোকিল ⓖ শালিক

২৪. 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার রচয়িতা কে?
ⓚ শামসুর রাহমান ⓚ সৈয়দ শামসুল হক
ⓖ শামসুর রহমান ⓖ নির্মলেন্দু গুণ

২৫. কবি কামাল চৌধুরীর জন্মস্থান কোথায়?
ⓚ কুমিল্লা ⓚ যশোর
ⓖ রংপুর ⓖ দিনাজপুর

২৬. সাহসী জননী কাকে বলা হয়েছে?
ⓚ শহিদ জননী জাহানারা ইমামকে
ⓚ সুফিয়া কামালকে
ⓖ রোকেয়া সাখাওয়াত হোসেনকে
ⓖ বাংলাকে

২৭. 'আজারির চিন' শব্দের অর্থ কী?
ⓚ দুঃখ কষ্টের চিহ্ন ⓚ ছেঁড়া কাপড়
ⓖ আহাজারির চিহ্ন ⓖ আঁচড়ের দাগ

২৮. নাগকেশর একটি—
ⓚ উপন্যাস ⓚ নাটক
ⓖ কাব্যগ্রন্থ ⓖ ছোটগল্প

২৯. 'ফটিক জল' কে ন ধরনের পাখি?
ⓚ মাছরাঙা ⓚ শালিক
ⓖ চাতক ⓖ কবুতর

৩০. নিচের কোন চিত্রটি সন্তানের অমঙ্গলের প্রতীক?
ⓚ নিবু নিবু দীপ
ⓚ ঘোর-অন্ধকার
ⓖ হুতুমের ডাক
ⓖ ঝড়ের কাঁপন

৩১. 'বহিপীর' নাটকে কেন্দ্রীয় চরিত্র কোনটি?
ⓚ তাহেরা ⓚ হাশেম আলি
ⓖ হাতেম আলি ⓖ বহিপীর

৩২. সৈয়দ ওয়ালীউল্লাহ্ একুশে পদক লাভ করেন কত সালে?
ⓚ ১৯৫৫ ⓚ ১৯৬১
ⓖ ১৯৬৫ ⓖ ১৯৮৪

৩৩. হরিকাকুর সঙ্গে বুধার কোথায় দেখা হয়েছিল?
ⓚ জামতলায় ⓚ ফসলের মাঠে
ⓖ বাজারে ⓖ রাস্তায়

৩৪. নাটকের প্রাণ কোনটি?
ⓚ কাহিনি ⓚ চরিত্র
ⓖ সংলাপ ⓖ পরিবেশ

৩৫. 'নিজের বোঝা নিজে বইব।'— বুধার এ বক্তব্যে ফুটে ওঠে—
ⓚ সাহস ⓚ আত্মবিশ্বাস
ⓖ স্বনির্ভরতা ⓖ দেশপ্রেম

৩৬. বিদেশি মানুষ এবং নিজেদের মানুষ সবার ওপর বুধার ঘৃণা বাড়তে থাকে কেন?
ⓚ যুদ্ধ করার জন্য
ⓚ অত্যাচার করার জন্য
ⓖ বিরোধিতা করার জন্য
ⓖ গণহত্যার জন্য

উদ্দীপকটি পড়ে নিচের ৩৭ ও ৩৮ নং প্রশ্নের উত্তর দাও ;
কবর নাটক বর্ণিত হাফিজ শহিদদের একটা গণকবরে মাটি চাপা দিতে চাইলে গোর খুঁড়েরা আপত্তি জানায়। তাদের বক্তব্য, মুসলমানদের লাশ দাফন নাই, তার ওপর আলাদা একটা কবর পাবে না তা হতে পারে না কভি নেহি।

৩৭. উদ্দীপকের সাথে সাদৃশ্যপূর্ণ চরিত্রটি হলো—
ⓚ আহাদ মুন্সি ⓚ মতিউর
ⓖ বুধা ⓖ কুদ্দুস

৩৮. এরূপ সাদৃশ্যের কারণ হলো—
ⓚ দেশপ্রেম
ⓚ প্রতিবাদী মনোভাব
ⓖ সচেতনতা
ⓖ প্রতিশোধ স্পৃহা

৩৯. যুদ্ধে শত্রুরা কখন হেরে যায়?
ⓚ সবাই ঐক্যবদ্ধ হলে
ⓚ আধুনিক অস্ত্র থাকলে
ⓖ উন্নত প্রশিক্ষণ থাকলে
ⓖ সৈন্যসংখ্যা বেশি হলে

৪০. সত্যেন্দ্রনাথ দত্ত কত বছরে পরলোকগমন করেন?
ⓚ চল্লিশ ⓚ একচল্লিশ
ⓖ বিয়াল্লিশ ⓖ তেতাল্লিশ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | ঘ | ৩ | গ | ৪ | ক | ৫ | গ | ৬ | ঘ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | খ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | ঘ | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | গ |
| | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | গ | ৩১ | ঘ | ৩২ | ঘ | ৩৩ | ক | ৩৪ | গ | ৩৫ | গ | ৩৬ | ঘ | ৩৭ | গ | ৩৮ | খ | ৩৯ | ক | ৪০ | ক |

http://teachingbd.com